



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়

জনতথ্য বিভাগ



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.১১৩.১০৩.০০.০০.০৩৯.২০১৫/৭৭৩

তারিখঃ ২৯/০৬/২০২২

প্রেস বিজ্ঞপ্তি

**বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (Annual Performance Agreement: 2020-2021) বাস্তবায়নে
প্রথম স্থান অধিকার করে পুরক্ষার পেল ঢাকা ওয়াসা**



২৮ জুন ২০২২ তারিখ, মঙ্গলবার অপরাহ্নে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক আনন্দস্থ অনুষ্ঠানের মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (Annual Performance Agreement: 2020-2021) বাস্তবায়নে প্রথম স্থান অধিকার করে পুরক্ষার পেল ঢাকা ওয়াসা। ঢাকা ওয়াসা'র ম্যানেজিং ডাইরেক্টর ও সিইও প্রকৌশলী তাকসিম এ খান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এম. পি এর কাছ থেকে পুরক্ষারের স্মারক ও সনদ গ্রহণ করেন। স্থানীয় সরকার বিভাগের সম্মানিত সচিব জনাব মোহাম্মদ মেজবাহু উদ্দিন চৌধুরী এ সময় উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, স্থানীয় সরকার বিভাগের অধীন মোট ২০ (বিশ) টি সংস্থা/প্রতিষ্ঠানের মধ্যে ১০০ নম্বরের বিপরীতে ৯৮.৫০ নম্বর পেয়ে ঢাকা ওয়াসা এ সাফল্য অর্জন করে। এজন্য ঢাকা ওয়াসা'র ব্যবস্থাপনা পরিচালক মহান আল্লাহ'র কাছে শুকরিয়া জানান। পাশাপাশি ঢাকা ওয়াসা'র সকল কর্মকর্তা/কর্মচারীদের নিরলস কর্ম সম্পাদনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। ঢাকা ওয়াসা'র সাফল্যের জন্য মাননীয় প্রধানমন্ত্রীকে ঢাকা ওয়াসা'র পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। বঙ্গতৎ মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা'র প্রত্যক্ষ দিক নির্দেশনায় 'সুরে দাঁড়াও ঢাকা ওয়াসা' কর্মসূচীর মাধ্যমে বিগত ১০ (দশ) বছরে ঢাকা ওয়াসা এ সাফল্য অর্জন করেছে। ঢাকা ওয়াসা রাজধানীবাসির পানির চাহিদার উদ্বৃত্ত পানি উৎপাদনের সক্ষমতা অর্জন করেছে। ঢাকা ওয়াসা পানি সরবরাহের ক্ষেত্রে সমগ্র দক্ষিণ এশিয়ার মধ্যে আজ 'রোল অডেল'। মাননীয় স্থানীয় সরকার মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এম. পি ঢাকা ওয়াসা'র সমূদয় কর্মকাণ্ড সঠিক নির্দেশনা ও সহযোগিতা দিয়ে ঢাকা ওয়াসা'র কাজে গতি এনেছেন। এজন্য ঢাকা ওয়াসা'র ব্যবস্থাপনা পরিচালক মাননীয় মন্ত্রী মহোদয়কে বিশেষভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

অনুষ্ঠানে সিলেট সিটি কর্পোরেশনের মাননীয় মেয়ারসহ বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠানের উর্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিতি ছিলেন।

এ. এম. মোস্তফা তারেক
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।